চাঁদপুরে রাতে হঠাৎ মসজিদে মসজিদে আজান!

চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে রাতে হঠাৎ মসজিদে মসজিদে আজানের ধ্বনি শোনা গেছে। বৃহস্পতিবার রাত সাড়ে ১০টা থেকে ১২টা পর্যন্ত বেশিরভাগ মসজিদের মুয়াজ্জিনের কণ্ঠে ভেসে আসে আজানের সুমধুর ধ্বনি।

প্রথমে একজনেরটা শুনে অন্যরা আজান দিলেও কী কারণে এমনটি হয়েছে সে বিষয়ে কেউ সঠিক কোনো তথ্য দিতে পারেননি।

ঢাকায় বসবাসরত হাজীগঞ্জের বাসিন্দা ইমাম হোসেন ইমন ফোন করে যুগান্তরকে জানান, তিনি শুনেছেন– হাজীগঞ্জ উপজেলার জগন্নাথপুর গ্রামে নাকি বৃহস্পতিবার সকালে একটি শিশু জন্ম নিয়ে মারা গেছে। সে শিশু নাকি বলেছে আজান দিতে।

বিষয়টির সত্যতা জানতে ওই গ্রামে বেশ কয়েকজনের সঙ্গে কথা বললে তারা জানান, এটি গুজব। এ ঘটনা সত্য নয়।

হাজীগঞ্জ ঐতিহাসিক বড় মসজিদ কর্তৃপক্ষ জানায়, এটি গুজব। আমরা আজান দিইনি।

উপজেলার ৯নং গন্ধর্ব্যপুর উত্তর ইউনিয়নের মোহাম্মদপুর পূর্বপাড়া জামে মসজিদের খতিব শাহ আলম আল কাদরী ও কাকৈরতলা সিনিয়র মাদ্রাসার সাবেক উপাধ্যক্ষ আবদুল মমিন ফারুকি জানান, আমরা কোনো নির্দেশনা পাইনি। আর শরিয়তে এমন কোনো কাজ করার বৈধতাও দেখি না। এটি গুজব হবে।

একই গ্রামের মুন্সিবাড়ি মসজিদের ইমাম জানান, তাকে কোনো এক হুজুর আজান দিতে বলেছেন। তাই তিনি সে মোতাবেক আজান দিয়েছেন। তবে তিনি বলেছেন, করোনাভাইরাস থেকে রক্ষা পেতে আজান দেয়া হয়েছে।

হাজীগঞ্জ থানার ওসি আলমগীর হোসেন রনি যুগান্তরকে বলেন, ‘আমরা কোনো নির্দেশনা পাইনি। তবে আজানের কথা শুনেছি। রাত ১০টা থেকে বিভিন্ন মসজিদে হঠাৎ আজান দেয়া হয়েছে।

এদিকে ইসলামী ফাউন্ডেশন অথবা উপজেলা প্রশাসন এ বিষয়ে কোনো তথ্য দিতে পারেনি। তারা বলেছেন এটি গুজব।

সুত্র-যুগান্তর

কোয়ারেন্টিন শেষে কিশোরীকে বিয়ে, সৌদি প্রবাসীর জরিমানা

হোম কোয়ারেন্টিন শেষ হওয়ার তিন দিন পর এক কিশোরীকে (১৭) বিয়ে করায় রাসেল নামে এক সৌদি প্রবাসীকে জরিমানা করা হয়েছে।

সম্প্রতি ঢাকার দোহার উপজেলার উত্তর জয়পাড়া গ্রামে এ ঘটনা ঘটেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, উত্তর জয়পাড়া গ্রামের শুকুর আলীর ছেলে মো. রাসেল গত ৮ মার্চ সৌদি আরব থেকে দেশে আসেন। এর পর তিনি ১৪ দিনের হোম কোয়ারেন্টিনে ছিলেন।

গত শনিবার তার হোম কোয়ারেন্টিন শেষ হয়। এর তিন দিন পর কিশোরীকে বিয়ে করেন রাসেল।

পরে খবর পেয়ে বুধবার রাত ১১টার দিকে রাসেলের বাসায় অভিযান চালান ভ্রাম্যমাণ আদালত।

দোহার উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জ্যোতি বিকাশ চন্দ্রের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।

জ্যোতি বিকাশ চন্দ্র বলেন, বাল্যবিয়ে নিরোধ আইনে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়েছে রাসেলকে। একই সঙ্গে কনের বয়স ১৮ বছর না হওয়া পর্যন্ত তাকে বাবার বাড়িতে রাখার এবং তার সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপন না করার শর্তে উভয় পরিবারের কাছ থেকে মুচলেকা নিয়ে রাসেলকে মুক্তি দেয়া হয়।

সুত্র-যুগান্তর

করোনা থেকে মুক্তি পেতে মসজিদে মসজিদে আজানের ধ্বনি

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধ এবং এই রোগ থেকে মুক্তি পেতে নোয়াখালীর বিভিন্ন মসজিদে আজান দিয়েছেন মুয়াজ্জিনরা।

বৃহস্পতিবার রাত সাড়ে ১০টা থেকে ১২টা পর্যন্ত তাদের কণ্ঠে ভেসে আসে আজানের সুমধুর ধ্বনি।

খোঁজ নিয়ে জানা গেছে, রাত সাড়ে ১০টার পর জেলার কোম্পানীগঞ্জ, বেগমগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সেনবাগ, কবিরহাট, সুবর্ণচর, সদর ও হাতিয়া উপজেলার বিভিন্ন মসজিদের মাইক থেকে থেমে থেমে আজান শুরু হয়।

তবে অসময়ে আজানের ধ্বনি শুনে অনেকেই চমকে ওঠেন। কেন কী কারণে রাতে আজান দেয়া হলো, সে বিষয়ে জানতে অনেকেই সাংবাদিক ও পুলিশ প্রশাসনকে ফোন করে খবর নেন।

চাটখিল পৌরসভার ২নং ওয়ার্ডের সুন্দরপুর মহল্লার বাসিন্দা নুর মোহাম্মদ বলেন, রাত ১১টার পর হঠাৎ করে বেশ কয়েকটি মসজিদ থেকে আজানের সুর ভেসে আসে। বিশেষ করে রাত ১১টার পর আজান দেয়ায় অনেকেই দ্বিধাদ্বন্দ্বে পড়ে যান।

কবিরহাট উপজেলার নরোত্তমপুরের বাসিন্দা মো. গিয়াস উদ্দিন জানান, তিনি ঘুমানোর জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন সময় পদুয়া মসজিদ থেকে আজানের ধ্বনি শুনতে পান। এর কিছুক্ষণ পর আরও কয়েকটি মসজিদ থেকেও আজানের ধ্বনি আসতে থাকে।

কোম্পানীগঞ্জ উপজেলার বাসিন্দা কামাল হোসেন বলেন, বৃহস্পতিবার রাতে চট্টগ্রাম থেকে কোনো এক মাওলানা জানিয়েছেন জেলার সব

মসজিদ থেকে একযোগে আজান দিলে এবং কালোজিরা দিয়ে লাল চা খেলে করোনাভাইরাস সংক্রমণ থেকে রেহাই পাওয়া যাবে। তাই

জেলার বিভিন্ন উপজেলার মসজিদ থেকে একযোগে আজান দেয়া শুরু হয়েছে। চাটখিল পৌরসভার ফতেহপুর মহল্লার বাইতুল ফালাহ জামে মসজিদের খতিব নাসির উদ্দিন জানান, তার মসজিদের মুয়াজ্জিন রাত ১১টার দিকে ফোন করে আজান দেয়ার অনুমতি চাইলে তিনি নিষেধ করেন।

কারণ হিসেবে তিনি বলেন, স্থানীয় প্রশাসনের অনুমতি ছাড়া এ ধরনের আজান দেয়া আইনত অপরাধ। যেসব মসজিদ থেকে আজান দেয়া হয়েছে, প্রশাসন চাইলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পারবেন। আর এ ধরনের আজানের ধর্মীয় কোনো ভিত্তি আছে বলেও তার জানা নেই।

সুত্র-যুগান্তর

সিলেটে দোকান বন্ধ করতে বলায় পুলিশের উপর হামলার চেষ্টা!

সিলেটের কানাইঘাটে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দোকান ছাড়া বাকি সবধরণের ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ করতে বলায় পুলিশের উপর হামলার চেষ্টা চালিয়েছেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীদের মারমুখি আচরণে ফিরে আসতে হয়েছে পুলিশ সদস্যদের।

আজ বৃহস্পতিবার বেলা ১টার দিকে কানাইঘাট উপজেলার চতুল বাজারে এ ঘটনা ঘটে।

কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামসুদ্দোহা

জানান, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে চতুল বাজারে সবধরনের দোকানপাট খুলে রাখেন ব্যবসায়ীরা। বেলা ১টার দিকে বাজার ব্যবসায়ী সমিতির সভাপতিকে সাথে নিয়ে পুলিশ নিত্যপ্রয়োজনীয় পণ্য, ফার্মেসি ও কাঁচাবাজার ছাড়া বাকি সবধরণের ব্যবসায় প্রতিষ্ঠান বন্ধ করার নির্দেশ দেয়।
এতে ক্ষেপে যান বাজারের ব্যবসায়ীরা। তারা দোকানপাট বন্ধ করতে অস্বীকৃতি জানান। একপর্যায়ে তারা পুলিশের উপর হামলারও চেষ্টা করেন।

এদিকে, ব্যবসায়ীদের মারমুখি আচরণের কারণে বাজার থেকে ফিরে আসেন পুলিশ সদস্যরা। বাজার কমিটির নেতারা ব্যবসায়ীদের বুঝিয়ে দোকানপাট বন্ধ রাখার চেষ্টা করছেন।

তবে ব্যবসায়ীরা সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে দোকানপাট খোলা রাখার চেষ্টা করলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানান ওসি।

সুত্র-বাংলাদেশ প্রতিদিন

এবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ হলো যাত্রীবাহী ট্রেন

করোনা মোকাবেলায় গণপরিবহন ও লঞ্চ বন্ধ ঘোষণার পর এবার যাত্রীবাহী সব ধরনের ট্রেন চলাচল বন্ধের সিদ্ধান্ত হয়েছে।

মঙ্গলবার থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে বলে রেলপথমন্ত্রী নুরুল ইসলাম জানিয়েছেন।

আজ দুপুরে চলমান পরিস্থিতি নিয়ে রেলভবনে জরুরি সংবাদ সম্মেলন করেন রেলমন্ত্রী।

সেখানে তিনি বলেন, আমাদের যাত্রীবাহী মোট ট্রেন রয়েছে ৩৬৪ টি। এরমধ্যে লোকাল, মেইল, কমিউটার ও ডেমোসহ ২৫৭টি ট্রেন আজ ভোর থেকে বন্ধ রয়েছে। বাকিগুলো বন্ধ করে দেয়া হয়েছে।

অনির্দিষ্টকালের জন্য যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ

করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধে অনির্দিষ্টিকালের জন্য যাত্রীবাহী লঞ্চ চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এ তথ্য নিশ্চিত করেছে।

বিআইডব্লিউটিএর পরিচালক (নৌ-নিট্রা) মো. রফিকুল ইসলাম যুগান্তরকে জানান, করোনা মোকাবেলায় সারা দেশে যাত্রীবাহী লঞ্চ চলাচল অনিদির্ষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

তবে যেসব লঞ্চ এ মুহূর্তে যাত্রী নিয়ে গন্তব্যস্থলে রওনা হয়েছে, সেগুলো এ নির্দেশনার বাইরে থাকবে বলে জানান তিনি।

এদিকে করোনা মোকাবেলায় সারা দেশে গণপরিবহন বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামী ২৬ মার্চ থেকে ৪ এপ্রিল পর্যন্ত সব ধরনের গণপরিবহন বন্ধ থাকবে জানিয়েছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

সুত্র-যুগান্তর

[redacted]: [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] ‘[redacted] [redacted] [redacted] [redacted]’ [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (XX.) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]-[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

বাংলাদেশে করোনাভাইরাসের সবশেষ পরিস্থিতি জানাতে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন আইইডিসিআরের পরিচালক অধ্যাপক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা।

তিনি জানান, আক্রান্ত দুজনের মধ্যে একজন ইতালি, অন্যজন যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেছেন। এ নিয়ে দেশে করোনা আক্রান্তের সংখ্যা ১০ জনে দাঁড়িয়েছে।

অবশ্য আক্রান্ত প্রথম তিনজন ইতিমধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন।

চীনের হুবেইপ্রদেশের উহান শহর থেকে বিশ্বময় ছড়িয়ে পড়েছে করোনাভাইরাস। বিশ্বের ১৬২ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এ ভাইরাস। এতে আজ পর্যন্ত বিশ্বব্যাপী ৭ হাজার ১৬৫ জনের মৃত্যু হয়েছে। বিভিন্ন দেশে আক্রান্তের সংখ্যা ১ লাখ ৮২ হাজার ৫৫০। অপরদিকে হাসপাতালে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৭৯ হাজার ৮৮১ জন।

সুত্র-যুগান্তর

গ্রেফতার করতে গিয়ে আসামির বাবাকে রক্ত দিলেন পুলিশ কর্মকর্তা!

চট্টগ্রামে হত্যা মামলার এক আসামিকে গ্রেফতার করতে গিয়ে হাসপাতালে চিকিৎসাধীন তার বাবাকে রক্ত দিলেন পুলিশের এক কর্মকর্তা।

মানবতার দৃষ্টান্ত স্থাপনকারী ওই কর্মকর্তার নাম বদিউল আলম। তিনি আকবরশাহ থানার এসআই।

শনিবার রাতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে এ ঘটনা ঘটে।

গ্রেফতারকৃত আসামির নাম এমদাদ হোসেন। তার বাড়ি নোয়াখালীর

সেনবাগ উপজেলার বীর নারায়াণপুর গ্রামে।

থানাসূত্রে জানা গেছে, ২০১৯ সালের ২৫ অক্টোবর আকবরশাহ থানার কৈবল্যধাম রেললাইন এলাকার রশিদ কলোনিতে ছুরিকাঘাতে খুন হন জসিম উদ্দিন নামে এক যুবক। এমদাদ ওই মামলার এজাহারভুক্ত আসামি।

বদিউল আলম জানান, চার মাস ধরে এমদাদ হোসেন আত্মগোপনে ছিলেন। গোপনে জানতে পারি চট্টগ্রাম মেডিকেলে চিকিৎসাধীন তার বাবাকে দেখতে আসবেন তিনি। তার আসার আগ থেকেই হাসপাতালে গিয়ে ওঁৎ পেতে থাকি। আসার সঙ্গে সঙ্গে তাকে গ্রেফতার করি। এ সময় এমদাদ জানায়, তার বাবার অপারেশন হয়েছে। রক্ত সংগ্রহ করতে হাসপাতালে এসেছেন তিনি।

‘তার বাবার রক্তের গ্রুপের সঙ্গে আমার রক্তের গ্রুপ মিলে যাওয়ায় তার বাবাকে রক্ত দিই। পরে এমদাদকে আদালতে পাঠানো হলে আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।’

এসআই আরও বলেন, আমি প্রশংসা হওয়ার জন্য রক্ত দিইনি। তাকে গ্রেফতার করে নিয়ে এলে হয়তো রক্ত জোগাড় করা সম্ভব হবে না। এতে তার অসুস্থ বাবার ক্ষতি হতে পারে। আমার রক্তের গ্রুপ যেহেতু একই তাই রক্ত দিয়েছি।

বদিউল আলম বলেন, আসামির বাবা বিবেচনা নয়, মানুষ বিবেচনায় রক্ত দিয়েছি। এটি ওর বাবা না হয়ে অন্য যে কেউ হলেও রক্ত দিতাম।

সুত্র-যুগান্তর

প্রতিবেশীকে ফাঁসাতে শিশু তুহিন হত্যা: বাবা ও চাচার ফাঁসির আদেশ

সুনামগঞ্জের দিরাই উপজেলায় শিশু তুহিন হাসান (৬) হত্যার চাঞ্চল্যকর মামলায় তার বাবা ও চাচার মৃত্যুদণ্ডের রায় হয়েছে।